তারিখ 07 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 2

যুগান্তর

# পাবনায় শিক্ষককে প্রহার প্রতিবাদে বিক্ষোভ

## হিতৈষী সদস্যের শাস্তি দাবি

**পাবনা প্রতিনিধি**

পাবনার বেড়ায় জেএসসি পরীক্ষার্থীদের কোচিং ক্লাসে (অতিরিক্ত ক্লাস) লুঙ্গি পরে যাওয়ার অপরাধে একজন শিক্ষককে ম্যানেজিং কমিটির এক হিতৈষী সদস্য বেদম প্রহার করেছেন। শনিবার সকাল ৮টার দিকে উপজেলার নতুন ভারেঙ্গা ইউনিয়নের ভারেঙ্গা একাডেমিতে এ ঘটনা ঘটে। ম্যানেজিং কমিটির হিতৈষী সদস্য আজিবর মোহরীর শাস্তি ও বহিষ্কারের দাবিতে বিক্ষোভ করেছে বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

সহকারী শিক্ষক লুৎফর রহমান জানান, আসন্ন জেএসসি পরীক্ষার্থীদের ভালো ফলাফলের জন্য বিদ্যালয়ে ভোরে অতিরিক্ত ক্লাস নেয়া হয়। শনিবার সকালে তিনি শারীরিক ও পারিবারিক সমস্যার কারণে অতিরিক্ত ক্লাস (কোচিং) করাতে চাননি। কিন্তু বিদ্যালয়ে ওইদিন কোচিং ক্লাসে শিক্ষক কম থাকায় তার এক সহকর্মীর অনুরোধে জরুরিভাবে লুঙ্গি পরেই তিনি শ্রেণীকক্ষে ক্লাস করাতে যান। সকাল ৮টার দিকে এসএমসির (বিদ্যালয় ম্যানেজিং কমিটির) হিতৈষী সদস্য আজিবর মোহরী শ্রেণীকক্ষে ঢুকে তাকে লুঙ্গি পরা দেখেই ক্ষিপ্ত হয়ে ওঠেন এবং মারধর করেন।

ভারেঙ্গা একাডেমির শিক্ষকরা জানান, ওই সদস্য শিক্ষক লুৎফর রহমানকে কোনো কথা বলার সুযোগ না দিয়েই তাকে কিল-ঘুষি-লাথি মারতে থাকেন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করেন। তার এমন আচরণে উপস্থিত শিক্ষক ও ছাত্রছাত্রীরা হতভম্ব হয়ে পড়েন। পরে বিদ্যালয়ের শিক্ষার্থীরা হিতৈষী সদস্য আজিবর মোহরীর বিচার দাবি করে বিদ্যালয়ে বিক্ষোভ করেন।